

নং- ০৭.১৫৫.০০৫.০০.০০১.২০১৩-৫৮


তারিখঃ ১৮ মাঘ ১৪২৮ বঃ  
০১ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

বিষয়: অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Internal Audit and Audit Follow-up শীর্ষক স্কিমের আওতায় Sensitization Training on Fundamentals of Internal Audit As is & To be শীর্ষক প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন স্টেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবেল সার্ভিস ডেলিভারী (SPFMS) কর্মসূচির অন্যতম গুরুত্বপূর্ণ স্কিম “অভ্যন্তরীণ নিরীক্ষা এবং নিরীক্ষা অগ্রগতি পর্যবেক্ষণ” (Internal Audit & Audit Follow-up) এর আওতায় ৫টি large spending departments: স্বাস্থ্য অধিদপ্তর (DGHS), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (DPE), সড়ক ও জনপথ অধিদপ্তর (RHD), গণপূর্ত অধিদপ্তর (PWD)-এর Internal Audit কার্যক্রমকে শক্তিশালী করা হবে। এ পর্যায়ে বর্ণিত ৫টি ডিপার্টমেন্ট ও নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের Sensitization এর জন্য আগামী ০৯-১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ, ১৩-১৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ ও ১৫-১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ তারিখে প্রতিটি ব্যাচ ০২দিন ব্যাপী হিসেবে তিন ব্যাচে প্রশিক্ষণ কর্মসূচী (Short Term Course) স্বাস্থ্য বিধি বজায় রেখে SPFMS কর্মসূচী অফিস, IEB ভবন, রমনা, ঢাকা-এ আয়োজন করা হবে। প্রতিটি ব্যাচে ২০(বিশ) জন করে কর্মকর্তা অংশগ্রহণ করবেন।

০২। উক্ত তিন ব্যাচ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা/বাজেট/হিসাব সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ হতে ০৫(পাঁচ)জন ও ডিপার্টমেন্ট হতে ১০(দশ)জন করে মোট ১৫(পনের) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান এবং মনোনীত কর্মকর্তাদের তথ্য নিম্নোক্ত ছকে আগামী ০৬/০২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য (অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা শাখা-৫, ই-মেইল: sasexpmgt5@gmail.com) নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক	আইডি (যদি থাকে)	নাম	পদবী	কর্মস্থল	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা	মন্তব্য

  
চৌধুরী আশরাফুল করিম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-২২৩৩৫৬০৩৭

ই-মেইল: chashraful@finance.gov.bd

সিনিয়র সচিব,  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, পরিচালক(এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)



অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জাতীয় কর্মসূচী পরিচালক, স্টেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবেল সার্ভিস ডেলিভারী (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

